

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৩৭২

১১. কিতাবুয যাকাত (کتاب الزکاة)

পরিচ্ছেদঃ যেসব কাজ করলে সাদাকাহ করার সাওয়াব লেখা হয়, তার বর্ণনা

ذِكْنُ الْأَشْيَاءِ الَّتِي يُكتب لِمُسْتَعْمِلِهَا بِهَا الصَّدَقَةُ

আরবী

3372 _ أَخْبَرَنَا ابْنُ قُتَيْبَةَ قَالَ: حَدَّثَنَا ابْنُ أَبِي السَّرِيِّ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ قَالَ: فَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ أَخْبَرَنَا مَعْمَرٌ عَنْ هَمَّامِ بْنِ مُنَبِّهٍ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (كُلُّ سُكُلَمَى مِنَ النَّاسِ عَلَيْهِ صَدَقَةً: كُلَّ يَوْمٍ تَطْلُعُ عَلَيْهِ الشَّمْسُ يَعْدِلُ بَيْنَ اثْنَيْنِ وَسَلَّمَ: (كُلُّ سُكُلَمَى مِنَ النَّاسِ عَلَيْهِ صَدَقَةً: كُلَّ يَوْمٍ تَطْلُعُ عَلَيْهِ الشَّمْسُ يَعْدِلُ بَيْنَ اثْنَيْنِ وَيَعْمِيلُ النَّاسِ عَلَيْهَا وَيَرْفَعُ لَهُ عَلَيْهَا مَتَاعَهُ وَيُمِيطُ الْأَذَى عن الطريق صدقة)

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3372 | خلاصة حكم المحدث: صحيح - ((الصحيحة)) (1025).

বাংলা

৩৩৭২. আবৃ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "শরীরের প্রতিটি জোড়ের জন্য সূর্য উদিত হয় এমন প্রতিটি দিন সাদাকাহ করা জরুরী। দুইজন ব্যক্তির মাঝে ইনসাফ করবে, কোন ব্যক্তিকে তার বাহনের ক্ষেত্রে সাহায্য করবে, তাকে তার উপর উঠিয়ে দিবে, বাহনের উপর তার পণ্য-সামগ্রী উঠিয়ে দিবে, রাস্তা থেকে কষ্টদায়ক জিনিস অপসারণ করবে- এগুলো সাদাকাহ।"[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/৩১৬; সহীহুল বুখারী: ২৭০৭; সহীহ মুসলিম: ১০০৯; সুনান বাইহাকী: ৪/১৮৭-১৮৮; বাগাবী: ১৬৪৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী



রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহাহ: ১০২৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন